

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮(অংশ-১) - ৩২

তারিখঃ ২৮/১১/২০২৩ খ্রি:

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে জানুয়ারী/২০২৪ থেকে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত ক্লাবে নতুন সদস্য ভর্তিকরণ প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নে (৩৩০ টি পৌরসভা ও ৪৫৫৩ টি ইউনিয়ন) ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রত্যেক ক্লাবে ৩০ জন করে প্রতি বছর ১,৪৬,৪৯০ জন কিশোর কিশোরীদের সংগীত, আবৃত্তি ও সামাজিক সচেতনতা ও আত্মরক্ষামূলক বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সুবিধা প্রদান করা হচ্ছে। জানুয়ারী ২০২৩ খ্রি: হতে ডিসেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত তৃতীয় ব্যাচের কিশোর কিশোরীদের চলমান প্রশিক্ষণ সমাপ্ত হবে।

২। প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বর্ধিত হওয়ায় পরবর্তী ব্যাচের জন্য জানুয়ারী/২০২৪ খ্রি: থেকে ডিসেম্বর/২০২৪ খ্রি: পর্যন্ত প্রতি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর যাদের বয়স ১০-১৯ বছর সদস্য বাছাই করে ক্লাব সদস্য হিসেবে ভর্তি করার জন্য অনুরোধ করা হল। ক্লাব সদস্য বাছাই প্রক্রিয়ায় ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC) সভার সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, জেল্ডার প্রমোটার এবং সংশ্লিষ্ট ক্লাবের শিক্ষকদের সহায়তা নেয়া যেতে পারে।

৩। উল্লেখ্য পুরাতন ক্লাব সদস্যদের তালিকা সংরক্ষণ এবং নতুন ক্লাব সদস্যের তালিকা প্রকল্পের website (www.kkcp.gov.bd) এ আগামী ৩১ জানুয়ারী/২০২৪ খ্রি: এর মধ্যে এন্ট্রি প্রদান করতে হবে।

মো: ইকবাল হোসেন

যুগ্মসচিব

প্রকল্প পরিচালক (অ:দা)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

উপ-পরিচালক (সকল জেলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ২। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। ফিল্ড সুপারভাইজার, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। (বিষয়টি নিবিড় মনিটরিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে ক্লাব সদস্যদের তালিকা হালনাগাদ নিশ্চিত করার জন্য বলা হল।)
- ৫। অফিস কপি।